যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।
ফোনঃ ০২৪-৭৭৭৬৪৯০৬ (অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং-২৭.১২.৪১৬১.৫১১.০৭.০২২.২৩. ৬১৩৪

তারিখঃ ১১ মাঘ' ১৪২৯ বাংলা
২৫ জানুয়ারি' ২০২৩ খ্রিঃ

# "দরপত্র বিজ্ঞপ্তি"

০১॥ যশোর পবিস-২ এর তালিকাভুক্ত স্থায়ী পূর্বযোগ্যতাপ্রাপ্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠান এর নিকট হতে পবিস নির্দেশিকা ১০০-৪১ এর আওতায় ৩৩/১১/৬.৩৫/০.৪৪০/০.২৪০ কেভি নতুন বিদ্যুৎ লাইন নির্মান, পোল স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষণ, ফিডারের লোড ব্যালেন্সিং, ট্রান্সফরমার ও অন্যান্য ইকুইপমেন্ট আপগ্রেডিং/ অপসারণ প্রভৃতি কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা হচ্ছে।

০২॥ **দরপত্রের বিবরণঃ**

৩৩/১১/৬.৩৫/০.৪৪০/০.২৪০ কেভি নতুন বিদ্যুৎ লাইন নির্মান, পোল স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষণ, ফিডারের লোড ব্যালেন্সিং, ট্রান্সফরমার ও অন্যান্য ইকুইপমেন্ট আপগ্রেডিং/ অপসারণ প্রভৃতি কাজ।

| ক্রঃ নং | দরপত্র দলিলের (প্যাকেজ) নম্বর | কাজের বিস্তারিত বিবরণ | ভৌগলিক এলাকা | প্রাক্কলিত মূল্য | আর্নেষ্ট মানির পরিমান (টাকা) | দরপত্র দলিলের বিক্রয় মূল্য (অফেরৎযোগ্য) (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ১৩/২০২২-২০২৩ | রক্ষণাবেক্ষণ/লাইন নির্মান/আপগ্রেডেশন | কালিয়া উপজেলা। | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৫০০.০০ |
| ০২ | ১৪/২০২২-২০২৩ | রক্ষণাবেক্ষণ/লাইন নির্মান/আপগ্রেডেশন | লোহাগড়া উপজেলা। | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৫০০.০০ |
| ০৩ | ১৫/২০২২-২০২৩ | রক্ষণাবেক্ষণ/লাইন নির্মান/আপগ্রেডেশন | অভয়নগর উপজেলা। | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৫০০.০০ |
| ০৪ | ১৬/২০২২-২০২৩ | ডিপোজিট | মনিরামপুর,কেশবপুর, অভয়নগর, ফুলতলা উপজেলা। | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৫০০.০০ |
| ০৫ | ১৭/২০২২-২০২৩ | ডিপোজিট | নড়াইল,লোহাগড়া, কালিয়া উপজেলা। | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৫০০.০০ |
| ০৬ | ১৮/২০২২-২০২৩ | রক্ষণাবেক্ষণ/লাইন নির্মান/আপগ্রেডেশন | নড়াইল উপজেলা। | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৫০০.০০ |
| ০৭ | ১৯/২০২২-২০২৩ | রক্ষণাবেক্ষণ/লাইন নির্মান/আপগ্রেডেশন | মনিরামপুর উপজেলা। | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৫০০.০০ |
| ০৮ | ২০/২০২২-২০২৩ | রক্ষণাবেক্ষণ/লাইন নির্মান/আপগ্রেডেশন | কেশবপুর উপজেলা। | ৫,০০,০০০.০০ | ১৫,০০০.০০ | ৫০০.০০ |

০৩॥ দরপত্র দলিল অত্র সমিতির ক্যাশ শাখা হতে ২৬/০১/২০২৩ খ্রিঃ হতে ০৫/০২/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ০৪:০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে ৫০০.০০ (পাঁচ শত) টাকা নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।

০৪॥ পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সমদরে অথবা সর্বোচ্চ ০৫% নিম্ন দরে দাখিল করা যাবে।

চলমান পাতা-০২

০৫।। প্রতিটি দরপত্র দাখিলের সময় বর্ণিত আর্নেষ্ট মানি যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক (বাপবিবোর্ড অথবা যে কোন পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক কালো তালিকাভূক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। প্রয়োজনীয় আর্নেষ্ট মানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না।

০৬।। দরপত্র আগামী ০৭/০২/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসের টেন্ডার বক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্ত করণ কমিটি কর্তৃক অত্র দরপত্র খোলা হবে।

০৭।। উদ্ধৃত দর সরকারী নিয়ম মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন করসহ উদ্ধৃত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন করে উল্লেখ করা হলে সেই দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৮।। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত পর্যাপ্ত সংখ্যক সুপারভাইজার ও লাইনম্যানসহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

০৯।। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) লটারীর মাধ্যমে ১ম, ২য় ও ৩য় দরদাতা নির্ধারণ করবেন।

১০।। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের (ক্লোজ-আউটসহ) পর প্রয়োজনীয় সকল দলিলাদিসহ বিল দাখিল করতে হবে। প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১১।। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা যাবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

১২।। ২০২২-২০২৩ অর্থ বছরে স্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন (অর্জনকারী) মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান এবং সাময়িক তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান (যাদের কাজের অনুমতির মেয়াদ আছে) তারা দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।

১৩।। ২০২২-২০২৩ অর্থ বছরে স্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন করা না হলে কার্যাদেশ প্রদান করা হবে না। সর্বনিম্ন দরদাতা হলেও কার্যাদেশ প্রাপ্তির যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

১৪।। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫।। কোন প্রতিষ্ঠানের মিনি কার্যাদেশ চলমান থাকলে ক্লোজ-আউট সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সমজাতীয় কোন কার্যাদেশ প্রদান করা হবে না।

১৬।। একটি আবেদনের বিপরীতে একটি টেন্ডার সিডিউল ক্রয় করা যাবে এবং কার্যাদেশে প্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠানের জন্য পৃথক পৃথক প্রতিনিধি নির্বাচন করতে হবে ।

১৭।। চুক্তিমূল্যের অতিরিক্ত লট ইস্যু করা হবে না। তবে জরুরী প্রয়োজনে কোন ডিজাইন পরিবর্তন/লট ইস্যুর প্রয়োজন হলে কতৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কাজ করা যাবে।

১৮।। অফিসের স্বার্থে জরুরী প্রয়োজনে যেকোন উপজেলার কাজ বাস্তবায়ন করার জন্য কর্তৃপক্ষ চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

চলমান পাতা-০৩

১৯॥ দরপত্রে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে নির্দেশিকার আলোকে কর্তৃপক্ষ চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫/০৩/২৩

(প্রকৌঃ মনোহর কুমার বিশ্বাস)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(জ্যেষ্টতার ক্রমানুসারে নয়-সদয় অবগতির জন্য)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, ঢাকা।
০২। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, যশোর।
০৩। ডিজিএম, নওয়াপাড়া/কেশবপুর/নড়াইল/লক্ষ্মীপাশা/কালিয়া জোনাল অফিস, যশোর পবিস-২।
০৪। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব), যশোর পবিস-২।
০৫। এজিএম (ওএন্ডএম)সাগরদাড়ি/রাজগঞ্জ/সিংগাড়ি সাব জোনাল অফিস, যশোর পবিস-২।
০৬। মেসার্স ------------------------------( অবগতি ও দরপত্রে অংশ গ্রহণের অনুরোধসহ)
০৭। নোটিশ বোর্ড---------------------------------------------।
০৭। অফিস/মাষ্টার কপি।

২৫/০৩/২৩

(মোঃ মকছেদুল মমিন)
ডিজিএম (কারিগরী-সদর)